

হাইকোর্টের নির্দেশনা মানছেন না প্রধান শিক্ষক

■ আতগঞ্জ (ব্রাহ্মণবাড়িয়া) সংবাদদাতা এসএসসি'র ফরম পূরণে নির্ধারিত ফি'র অতিরিক্ত অর্থ ফেরত প্রদানে হাইকোর্ট ও বোর্ডের নির্দেশনার পরও টাকা ফেরত পায়নি শিক্ষার্থীরা। এই টাকা ফেরত পেতে ব্রাহ্মণবাড়িয়ার আতগঞ্জ উপজেলার খোলাপাড়া শাহ ফরাহত আলী উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীরা উপজেলা নির্বাহী অফিসার বরাবর লিখিত আবেদন জানিয়েছে।

চলতি বছর অনুষ্ঠিত এসএসসি পরীক্ষার ফরম পূরণের সময় আতগঞ্জ উপজেলার খোলাপাড়া শাহ ফরাহত আলী উচ্চ বিদ্যালয়'র প্রধান শিক্ষক বিদ্যালয়ের ১০৫জন শিক্ষার্থীর কাছে থেকে বোর্ড নির্ধারিত ১৪শ' টাকার পরিবর্তে ৩/৪ হাজার টাকা করে আদায় করেছেন। অনেক দরিদ্র শিক্ষার্থী ও অভিভাবক আবেদন করেও টাকা কম দিতে পারেনি। পরে চলতি বছরের ৬ জানুয়ারি হাইকোর্টের এক রায়ে শিক্ষার্থীদের নিকট থেকে বোর্ড/সরকার নির্ধারিত ফি-এর অতিরিক্ত আদায়কৃত অর্থ ফেরত দেয়ার নির্দেশ দেয়।

এ ব্যাপারে এসএসসি পরীক্ষার্থী মোবাম্বারা আক্তার জানান, অনেক কষ্ট করে টাকা জমা দিয়েছি। আরেক পরীক্ষার্থী তানজিনা আক্তার জানান, আমার বাকী নেই'না কষ্ট করে টাকাগুলো কুলে জমা দিয়েছে। অভিভাবক আমেনা

বেগম জানান, আমার ছেলের বাবা নেই। স্বর্ণের জিনিস বন্ধক দিয়ে এবার পরীক্ষার ফি দিয়েছি। ওনেছি টাকা ফেরত দিবে।

এ ব্যাপারে বিদ্যালয়ের অভিভাবক প্রতিনিধি আবু নছর আহমেদ ও মোজাম্মেল হক তপন জানান, প্রধান শিক্ষক খোরশেদ আলমকে একাধিকবার অতিরিক্ত ফি-ফেরত দিতে বলা হলেও তিনি তা কর্ণপাত করছেন না। উপজেলা নির্বাহী অফিসার সন্দীপ কুমার সিংহ

জানান, সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা আনিছুর রহমানকে বিষয়টি উদত্তের নির্দেশ দেয়া হয়েছে। তদন্ত প্রতিবেদন পাওয়ার পর সরকারি নির্দেশনা মোতাবেক পরবর্তী ব্যবস্থা নেয়া হবে।

মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. আনিছুর রহমান জানান, উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশ মতো আগামী ২/১ দিনের মধ্যে অভিযোগের বিষয়টি তদন্ত করা হবে।